

## 🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ২৯

## 💵 আরবি মূল আয়াত:

## قَالَ لَئِنِ اتَّخَذتَ اللَّهَا غَيرِى لَاجعَلَنَّكَ مِنَ المَسجُونِينَ ﴿٢٩﴾

## 

ফির'আউন বলল, 'যদি তুমি আমাকে ছাড়া কাউকে ইলাহরূপে গ্রহণ কর, তাহলে অবশ্যই আমি তোমাকে কয়েদীদের অন্তর্ভুক্ত করব'। — আল-বায়ান

(ফেরাউন) বলল : 'যদি তুমি আমাকে বাদ দিয়ে (অন্য কিছুকে) ইলাহ হিসেবে গ্রহণ কর, তাহলে আমি তোমাকে অবশ্য অবশ্যই কারারুদ্ধ করব।' — তাইসিরুল

ফির'আউন বললঃ তুমি যদি আমার পরিবর্তে অন্যকে মা'বূদ রূপে গ্রহণ কর তাহলে আমি তোমাকে অবশ্যই কারারুদ্ধ করব। — মুজিবুর রহমান

[Pharaoh] said, "If you take a god other than me, I will surely place you among those imprisoned." — Sahih International

২৯. ফির'আউন বলল, তুমি যদি আমার পরিবর্তে অন্যকে ইলাহরূপে গ্রহণ কর আমি তোমাকে অবশ্যই কারারুদ্ধ করব।

তাফসীরে জাকারিয়া

- (২৯) ফিরআউন বলল, 'তুমি যদি আমার পরিবর্তে অন্যকে উপাস্যরূপে গ্রহণ করো, তাহলে আমি অবশ্যই তোমাকে কারারুদ্ধ করব।' [1]
  - [1] ফিরআউন যখন দেখল যে, মূসা (আঃ) বিভিন্নভাবে বিশ্ব-প্রভুর পূর্ণ প্রভুত্বের বর্ণনা দিচ্ছেন, যার সঠিক কোন উত্তর তার কাছে নেই, তখন সে দলীল-প্রমাণকে দৃষ্টিচ্যুত করে হুমকি দিতে শুরু করল।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2961

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন